দৈনিক ইত্তেফাক
প্রতিষ্ঠাতা তফাজ্জল হোসেন মানিক মিয়া
বুধবার ৮ জুন ২০১৬

বাজেটের ওপর সংসদে আলোচনায় সহযোগিতা করবে 'বামু'

■ ইত্তেফাক রিপোর্ট

সংসদের চলমান বাজেট অধিবেশনে সংসদ সদস্যদের বাজেট সম্পর্কে আলোচনায় সহযোগিতা দেয়ার জন্য সংসদ ভবনের তৃতীয় লেভেলে উন্নয়ন সমন্বয়ের সহযোগিতায় সংসদ সচিবালয়ের আয়োজনে স্থাপন করা হয়েছে 'বাজেট এনালাইসিস অ্যান্ড ইনফরমেশন মনিটরিং ইউনিট (বামু)' হেল্প ডেস্ক। গতকাল মঙ্গলবার দুপুরে অধিবেশন শেষে 'বামু' হেল্প ডেস্ক পরিদর্শন করেন সংসদের ডেপুটি স্পিকার ফজলে রাব্বী মিয়া।

এসময় ডেপুটি স্পিকার বলেন, সংসদ সদস্যদের বাজেট বক্তৃতায় সহযোগিতার জন্য সংসদ সচিবালয় সুন্দর একটি উদ্যোগ নিয়েছে। সংসদ সদস্যদের উচিত এই সুযোগকে কাজে লাগানো। সংসদে বক্তব্য রাখার আগে সংসদ সদস্যরা এই হেল্প ডেস্ক থেকে অনেক গুরুত্বপূর্ণ তথ্য-উপাত্ত সংগ্রহ করতে পারেন। ফজলে রাব্বি মিয়া বলেন, বক্তব্য যত বেশি তথ্যবহুল হবে সেটি ততই গঠনমূলক ও প্রাণবন্ত হবে।